## পঞ্চম অধ্যায়

### নবি ও রাসুলগণের পরিচয় ও জীবনাদর্শ

❑ **অধ্যায়টি পড়ে জানতে পারব**

- মহানবি হযরত মুহাম্মদ (স.)-এর জন্ম পরিচয়
- ইসলাম প্রচারের মহানবি (স.)-এর অক্লান্ত চেষ্টা সম্পর্কে
- মহানবি (স.)-এর জীবনের ঘটনা ও বিভিন্ন চারিত্রিক গুণাবলি সম্পর্কে
- হযরত মূসা (আ.)-এর জন্ম পরিচয় ও নবুয়ত লাভ সম্পর্কে
- ফিরআউনের ধ্বংস হওয়ার কাহিনী
- হযরত হুদ (আ.), হযরত সালিহ (আ.), হযরত ইসহাক (আ.) ও হযরত লূত (আ.)-এর সম্প্রদায় সম্পর্কে
- হযরত শুয়াইব (আ.), হযরত ইলিয়াস (আ.), হযরত যুলকিফল (আ.) এবং হযরত যাকারিয়া (আ.)-এর জীবনাদর্শ সম্পর্কে

❑ **অধ্যায়ের মূল বিষয়বস্তু জেনে নিই**

আলরাহ তায়ালা মানুষের হিদায়াতের উদ্দেশ্যে এই পৃথিবীতে অনেক নবি-রাসুল পাঠিয়েছেন। কুরআন মজিদে ২৫ জন নবি-রাসুলের নাম উলেরখ আছে। এদের মধ্যে হযরত আদম (আ.) পৃথিবীর প্রথম মানুষ এবং প্রথম নবি। আর হযরত মুহাম্মদ (স.) সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি। কোন পথে চললে মহান আলরাহ খুশি হবেন, কী কাজ করলে দুনিয়াতে সুখে-শান্তিতে থাকব, এসবের সন্ধান আমরা পেয়েছি নবি-রাসুলগণের মাধ্যমে। নবি-রাসুলগণ ছিলেন মানুষের জন্য আদর্শ শিৰক। তাঁরা আমাদের মহান আলরাহর ইবাদত করার নিয়ম কানুন শিখিয়েছেন। সঠিক পথে জীবন যাপন করার পদ্ধতি শিখিয়েছেন। আমরা নবি-রাসুলগণের জীবনাদর্শ অনুসরণ ও অনুকরণ করব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**ক. বহুনির্বাচনি প্রশ্ন :**

**সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দাও।**

**১. আমাদের সৃষ্টি করেছেন কে?**
ক. মানুষ　খ. রাসুল
✓ গ. আলরাহ　ঘ. জিন

**২. মহানবি (স.)–এর আম্মার নাম কী?**
ক. মরিয়ম　✓ খ. আমিনা
গ. আছিয়া　ঘ. ফাতিমা

**৩. হারবুল ফিজর শব্দের অর্থ কী?**
✓ ক. অন্যায় সমর　খ. ন্যায় সমর
গ. শান্তি　ঘ. শৃঙ্খলা

**৪. হিলফুল ফুজুল কতো বছর স্থায়ী ছিল?**
ক. ২০ বছর　খ. ৩০ বছর
গ. ৪০ বছর　✓ ঘ. ৫০ বছর

**৫. সূরা আলাকের কয়টি আয়াত সর্বপ্রথম অবতীর্ণ হয়েছিল?**
ক. ৩টি　খ. ৪টি
✓ গ. ৫টি　ঘ. ৬টি

**৬. মহানবি (স.) কতো বছর বয়সে নবুয়ত লাভ করেন?**
✓ ক. ৪০ বছর　খ. ৪৫ বছর
গ. ৫০ বছর　ঘ. ৫৩ বছর

**৭. হযরত মূসা (আ.)–এর পিতার নাম কী?**
ক. ইউসুফ　✓ খ. ইমরান
গ. ইদরীস　ঘ. ইউনুস

**৮. হযরত মূসা (আ.) কোন বংশে জন্মগ্রহণ করেন?**

✓ক. বনি ইসরাইল  খ. কিবতী
গ. বনি বকর  ঘ. বনি হাসেম

**৯. ফিরআউনের স্ত্রীর নাম কী?**

ক. আম্বিয়া  খ. হাজেরা
✓গ. আছিয়া  ঘ. আমিনা

**১০. মিশর ছেড়ে হযরত মূসা (আ.) কোথায় গিয়েছিলেন?**

ক. ইরাকে  খ. ইরানে
গ. সিরিয়া  ✓ঘ. মাদায়ানে

**১১. হযরত হূদ (আ.)–কে কোন জাতির কাছে পাঠানো হয়েছিল?**

✓ক. আদ  খ. সামুদ
খ. কুরাইশ  ঘ. কিবতী

**১২. হযরত সালিহ (আ.)–কে কোন জাতির কাছে পাঠানো হয়েছিল?**

✓ক. সামুদ  খ. সেলজুক
গ. সাউদ  ঘ. আদ

**১৩. হযরত ইছহাক (আ.)–এর পিতার নাম কী?**

ক. হযরত নূহ (আ.)
খ. হযরত ইদরীস (আ.)
✓গ. হযরত ইররাহীম (আ.)
ঘ. হযরত সুলায়মান (আ.)

**১৪. হযরত ইলিয়াস (আ.) কোন নবির স্থলাভিষিক্ত হন?**

ক. হযরত হারবন (আ.)  খ. হযরত মূসা (আ.)
✓গ. হযরত হিযকীল (আ.)  ঘ. হযরত লূত (আ.)

**১৫. হযরত যুলকিফল কার পুত্র ছিলেন?**

ক. হযরত ইউনুস (আ.)
✓খ. হযরত আইয়ুব (আ.)
গ. হযরত ইসমাঈল (আ.)
ঘ. হযরত লূত (আ.)

**১৬. হযরত যাকারিয়া (আ.)-এর পুত্রের নাম কী?**

ক. হারবন  খ. ইউসুফ
✓গ. ইয়াহিয়া  ঘ. ইমরান

**খ. শূন্যস্থান পূরণ কর :**

১) কুরআন মজিদে —— জন নবি-রাসুলের নাম উলেৰখ আছে।
২) মহানবি (স.)-এর —— নাম আবু তালিব।
৩) মহানবি (স.)-এর —— ওপর অটল বিশ্বাস ছিল।
৪) হিলফুল ফুজুল শব্দের অর্থ —— সংঘ।
৫) প্রথম তিন বছর —— জন নর–নারী ইসলাম গ্রহণ করেন।

**উত্তর : ১)** ২৫ **২)** চাচার **৩)** আলৰাহর **৪)** শান্তি **৫)** ৪৫

**গ. বাম পাশের কথাগুলোর সাথে ডান পাশের কথাগুলো মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ক) মহানবি (স.)-এর আম্মা আমিনা ইন্তিকাল করেন মহানবি (স.)-এর | ১৫ বছর বয়সে |
| খ) মহানবি (স.) হিলফুল ফুজুল গঠন করেন | ৬৩ বছর বয়সে |
| গ) মুহাম্মদ (স.) নবুয়ত লাভ করেন | ৬ বছর বয়সে |
| | ৪০ বছর বয়সে |

**উত্তর :**

ক) মহানবি (স.)-এর আম্মা আমিনা ইন্তিকাল করেন মহানবি (স.)-এর **৬ বছর বয়সে।**
খ) মহানবি (স.) হিলফুল ফুজুল গঠন করেন **১৫ বছর বয়সে।**
গ) মুহাম্মদ (স.) নবুয়ত লাভ করেন **৪০ বছর বয়সে।**

**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর :**

**১. মহানবি (স.) কতো খ্রিস্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?**

**উত্তর :** মহানবি হযরত মুহাম্মদ (স.) ৫৭০ খ্রিস্টাব্দে মক্কানগরীতে কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন।

**২. মুহাম্মদ শব্দের অর্থ কী?**

**উত্তর :** মুহাম্মদ শব্দের অর্থ প্রশংসিত।

**৩. পৃথিবীর সর্বপ্রথম নবি (আ.)-এর নাম লেখ।**

**উত্তর :** পৃথিবীর সর্বপ্রথম নবি হলেন হযরত আদম (আ.)।

**৪. হিলফুল ফুজুল কী?**

**উত্তর :** হিলফুল ফুজুল হলো একটি শান্তিসংঘ। এ সংঘের মাধ্যমে মহানবি (স.) দুঃখী ও অসহায় মানুষের দুঃখ-কষ্ট দূর করার চেষ্টা করতেন।

**৫. মহানবি (স.) চাকরদের সম্পর্কে কী বলেছেন?**

**উত্তর :** মহানবি (স.) চাকরদের সম্পর্কে বলেছেন, যারা কাজ করে তারা তোমাদের ভাই। তাদের কষ্ট দেবে না। তাদের মর্যাদা দেবে। নিজেরা যা খাবে তাদের তা খাওয়াবে। কাজ-কর্মে তাদের সাহায্য করবে।

**৬. প্রাচীনকালে মিশরের বাদশাহকে কী বলা হতো?**

**উত্তর :** প্রাচীনকালে মিশরের বাদশাহকে ফিরআউন বলা হতো।

**৭. মূসা (আ.) কার ঘরে এবং অর্থ ব্যয়ে লালিত পালিত হয়েছিলেন?**

**উত্তর :** মূসা (আ.) ফিরআউন ওলীদের ঘরে এবং তারই অর্থব্যয়ে লালিত পালিত হয়েছিলেন।

**৮. তিনজন নবি (আ.)-এর নাম লেখ।**

**উত্তর :** তিনজন নবি (আ.)-এর নাম হলো– (১) হযরত ইসহাক (আ.), (২) হযরত আদম (আ.), (৩) হযরত ইবরাহীম (আ.)।

**বর্ণনামূলক প্রশ্নের উত্তর :**

**১। মহানবি (স.)–এর আম্মা ইন্তিকালের পর তাঁকে কে লালনপালন করেন?**

**উত্তর :** মহানবি (স.)-এর জন্মের আগেই তাঁর বাবা ইন্তিকাল করেন। আর ছয় বছর বয়সে তাঁর আম্মা ইন্তিকাল করেন। বাবা-মা হারা ইয়াতিম শিশুকে তখন থেকে লালন-পালন করেন তাঁর দাদা আব্দুল মুত্তালিব। দাদার ইন্তিকালের পর তাঁর চাচা আবু তালিব তাঁর লালনপালনের দায়িত্ব গ্রহণ করেন।

**২। মুহাম্মদ (স.)-এর চরিত্রের ৫টি সুন্দর আদর্শ লেখ। সামাজিক জীবনে উক্ত আদর্শগুলোর গুরুত্ব কী?**

**উত্তর :** মুহাম্মদ (স.)-এর চরিত্রের পাঁচটি সুন্দর আদর্শ হলো–

১. সব সময় সত্য কথা বলতেন।
২. মানুষের উপকার করতেন।
৩. বড়দের সম্মান করতেন।
৪. ছোটদের আদর করতেন।
৫. কাউকে গালি দিতেন না।

সামাজিক জীবনে মহানবি (স.)-এর চরিত্রের আদর্শগুলোর গুরবত্ব অপরিসীম। কেননা এ আদর্শগুলোর অনুসরণ ছাড়া প্রকৃত অর্থে একজন মানুষ চরিত্রবান হতে পারে না। আর অসৎ চরিত্রের মানুষ কখনো সুন্দর সমাজ গঠনে কোনো ভূমিকা রাখতে পারে না। উক্ত আদর্শগুলো অনুসরণ করে চললে সমাজজীবন শান্তিময় ও সুন্দর হয়ে উঠবে। সমাজে পারস্পরিক সহযোগিতা ও সৌহার্দ্য বাড়বে। সমাজ থেকে হিংসা বিদ্বেষ দূর হবে। সমাজের উন্নতি হবে। তাই বলা যায়, আমাদের সামাজিক জীবনকে সুখময় করে তুলতে মহানবি (স.)-এর আদর্শগুলোর ভূমিকা অপরিসীম গুরবত্ব রাখে।

**৩। শিশু মুহাম্মদ (স.) কীভাবে অন্যের অধিকার সংরক্ষণ করেছেন বর্ণনা কর।**

**উত্তর :** মহানবি (স.) ছোটবেলা থেকেই অপরের অধিকার সম্পর্কে অত্যন্ত সজাগ ছিলেন। শিশু অবস্থায়ই তিনি অন্যের অধিকার সংরৰণ করেছেন। তাঁর দুধমা হালিমার একটি পুত্রসন্তান ছিল। তিনি তাঁর দুধমার একটি স্তনের দুধ নিজে পান করতেন এবং অন্য স্তনের দুধ তাঁর দুধ ভাইয়ের জন্য রেখে দিতেন। ছোটবেলা থেকেই তিনি অপরের দুঃখে দুঃখ পেতেন। অন্যের কষ্টে কষ্ট পেতেন, অন্যের ব্যথায় ব্যথিত হতেন।

**৪। জুয়া খেলার খারাপ দিকগুলো বর্ণনা কর। জুয়া খেলা বন্ধের জন্য তুমি কীভাবে জনমত সৃষ্টি করবে মতামত দাও।**

**উত্তর :** জুয়া খেলা মারাত্মক অপরাধ। জুয়া খেলার খারাপ দিকগুলো হলো–

১. জুয়া খেলার ফলে সুসম্পর্ক নষ্ট হয়,
২. শত্রৰতা বাড়ে,
৩. কলহ ও মারামারি হয় এবং
৪. যুদ্ধবিগ্রহ ঘটে।

জুয়া খেলা বন্ধের জন্য আমি যেভাবে জনমত সৃষ্টি করব নিম্নে তা বর্ণিত হলো–

১. জুয়া খেলার ৰতিকর দিকগুলো অন্যের কাছে তুলে ধরতে পারি,
২. মানুষকে এ ব্যাপারে সচেতন করে তুলতে পারি,
৩. এর বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তুলতে পারি

এভাবেই জনমত সৃষ্টি করে এ মারাত্মক অন্যায় থেকে সমাজকে এ অভিশাপ থেকে মুক্ত করতে পারি।

**৫। স্ত্রীদের মধ্যে এবং পুরুষদের মধ্যে কে কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন?**

**উত্তর :** স্ত্রীদের মধ্যে হযরত খাদিজা (রা) সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন। পুরৰষদের মধ্যে হযরত আবু বকর (রা) এবং বালকদের মধ্যে হযরত আলী (রা) প্রথম ইসলাম গ্রহণ করেন।

**৬। মহানবি (স.) নিজ হাতে কী কী কাজ করতেন? নিজ নিজ পরিবারে নিজ হাতে করতে পারা যায় এমন ৫টি কাজের তালিকা তৈরি কর।**

**উত্তর :** মহানবি (স.) নিজ হাতে যেসব কাজ করতেন তা হলো–

১. ছেঁড়া জামাকাপড় নিজ হাতেই সেলাই করতেন;
২. জুতা মেরামত করতেন;
৩. জামাকাপড় ধুয়ে পরিষকার করতেন;
৪. ঘর ঝাড়ু দিতেন এবং
৫. সেবাযত্ন করতেন।

নিজ নিজ পরিবারে নিজ হাতে করতে পারা যায় এমন পাঁচটি কাজের তালিকা হলো–

১. নিজের জামাকাপড় নিজে ধুয়ে পরিষকার করতে পারি।
২. নিজের ঘর ও বিছানাপত্র নিজে গুছিয়ে রাখতে পারি।
৩. মা–বাবার কাজে সহযোগিতা করতে পারি।
৪. পরিবারের কেউ অসুস্থ হলে তার সেবাযত্ন করতে পারি।
৫. নিজের হাতে বাড়ির বাগান ও পোষা প্রাণীদের যত্ন নিতে পারি।

**৭। 'দয়া' মহানবি (স.)–এর একটি উজ্জ্বল আদর্শ– উদাহরণসহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** মহানবি (স.) ছিলেন দয়ার উজ্জ্বল আদর্শ। তিনি মানুষ, পশুপাখি ও গাছপালা সব কিছুর প্রতি দয়া প্রদর্শন করতেন। গরিব, ভিক্ষুক, ইয়াতিম ও অসহায়দের প্রতি দয়া দেখাতেন।

একদা মহানবি (স.) সাহাবিদের নিয়ে বসে আছেন। এমন সময় এক ইয়াতিম বালক মহানবির কাছে এলো। গায়ে তার জামাকাপড় নেই। দুঃখকস্ট সইতে তার বুকের হাড়গুলো বের হয়ে গেছে। বালকটি কাঁদতে কাঁদতে মহানবি (স.)-কে বলল, আমার আব্বু নেই। আবু জেহেল আমাদের সম্পদ কেড়ে নিয়েছে। তার কাছে সম্পদের কিছু চাইলে সে আমাকে মারধর করে, অত্যাচার করে, তাড়িয়ে দেয়। বালকটির কথা শুনে মহানবি (স.)-এর মনে দয়া হলো। তাঁর চোখে পানি এলো। তিনি বালকটিকে নিয়ে আবু জেহেলের কাছে গেলেন। বালকটির সব পাওনা আবু জেহেলের কাছ থেকে আদায় করে দিলেন। এতিম বালক খুব খুশি হলো।

**৮। মাতৃভক্তির গুরুত্ব বর্ণনা কর।**

**উত্তর :** মাতৃভক্তির গুরৰত্ব অপরিসীম। আম্মা আমাদের জন্য অনেক কস্ট করেন। তিনি স্নেহ-মমতা ও দরদ দিয়ে আমাদের লালন-পালন করেন। আমাদের কল্যাণ কামনা করেন। এমন মমতাময়ী মায়ের ভক্তি করা আমাদের একান্ত কর্তব্য। মহানবি (স.) তাঁর দুধ মা হযরত হালিমা (রা)-কে অত্যন্ত ভক্তিশ্রদ্ধা করতেন।

**৯। মহানবি (স.) চাকর ও শ্রমিকদের সম্পর্কে কী বলেছেন তার বর্ণনা দাও।**

**উত্তর :** মহানবি (স.) চাকর ও শ্রমিকদের সম্পর্কে বলেছেন, "যারা কাজ করে তারা তোমাদের ভাই। তাদের কষ্ট দেবে না। মর্যাদা দেবে। নিজে যা খাবে তাদের তা খাওয়াবে। নিজে যা পরবে তাদের তা পরাবে। কাজ–কর্মে তাদের সাহায্য করবে।" তিনি আরও বলেছেন, "শ্রমিককে তার গায়ের ঘাম শুকানোর আগেই পারিশ্রমিক দিয়ে দাও।"

**১০। ফিরআউন কে? ওলীদ স্বপ্নে কী দেখে বর্ণনা কর।**

**উত্তর :** প্রাচীনকালে মিশরের বাদশাহকে ফিরআউন বলা হতো। তাদের মধ্যে এক ফিরআউনের নাম ছিল ওলীদ। ওলীদ স্বপ্নে দেখল যে, বায়তুল মোকাদ্দাস থেকে এক ঝলক আগুন বের হয়ে এসে তার রাজপ্রাসাদসহ গ্রাস করছে। তাঁর অনুসারী কিবতী বংশকেও জ্বালিয়ে দিচ্ছে। কিন্তু বনি ইসরাইলগণ সম্পূর্ণ নিরাপদ। আগুন তাদের স্পর্শ করছে না।

**১১। ফিরআউন কীভাবে মারা যায় তার বর্ণনা দাও।**

**উত্তর :** হযরত মূসা (আ.) ফিরআউনের কুমতলব জানতে পেরে ইসরাইলিদের নিয়ে মিশর ছেড়ে চলে যাচ্ছিলেন। সংবাদ পেয়ে ফিরআউন তার সৈন্য বাহিনী নিয়ে তাদের পিছু ধাওয়া করল। মূসা (আ.) তাঁর অনুসারীদের নিয়ে নীল নদের তীরে উপস্থিত হলেন। সামনে নীল নদ ও পেছনে ফিরআউন বাহিনী।

আলরাহ তায়ালার আদেশে মূসা (আ.) হাতের লাঠি দিয়ে নদীতে আঘাত করলেন। পানি দুই ধারে সরে গেল। বনি ইসরাইলের ১২টি দলের জন্য ১২টি রাস্তা হয়ে গেল। হযরত মূসা (আ.) তাঁর লোকজনসহ নিরাপদে নদী পার হয়ে গেলেন। ফিরআউন নদীতে শুকনা রাস্তা দেখে সে রাস্তা ধরেই পার হতে লাগল। যেই না তারা নদীর মাঝখানে পৌঁছল, অমনি রাস্তা নদীর পানিতে মিলিয়ে গেল। ফিরআউন তার দলবসলসহ ডুবে মরল। আলরাহর নবিকে ধ্বংস করতে গিয়ে নিজেই সদলবলে ধ্বংস হলো।

**১২। আদ জাতি কোথায় বসবাস করত? তাদের ধ্বংসের কারণ লেখ।**

**উত্তর :** আদ জাতি আম্মান থেকে শুরব করে হাযরামাওত ও ইয়েমেন পর্যন্ত বসবাস করত।

আদ জাতির ধ্বংসের কারণ হলো– তারা ছিল অত্যাচারী ও অহংকারী। তারা আলরাহকে ভুলে গিয়ে মূর্তিপূজা ও নানা রকম শিরকে লিপ্ত ছিল। তারা অহংকার করে আলরাহ ও রাসুলের আদেশ অমান্য করল। হযরত হুদ (আ.) তাদের আজাবের ভয় দেখান, কিন্তু তারা ভয় পেল না। ফলে শাস্তিস্বরূ প প্রথমে অনাবৃষ্টি ও দুর্ভিৰ এলো। এতেও তারা শোধরাল না। পরে তাদের ওপর লাগাতার ৭ রাত ৮ দিন ভীষণ ঘূর্ণিঝড় চলল। এতে তাদের ঘরবাড়ি, দালানকোঠা, গাছপালা ও লোকজন ধূলিসাৎ হয়ে গেল। গোটা এলাকা মরবভূমিতে পরিণত হলো। অহংকার তাদের পতনের কারণ হলো।

**১৩। লূত বা মৃত সাগর কোথায়? বর্ণনা কর।**

**উত্তর :** আরব, ফিলিস্তিন ও শামের মানচিত্রে দৃষ্টিপাত করলে বর্তমান পূর্ব জর্দান ও ফিলিস্তিনের মধ্যে একটি বিখ্যাত ও বিশাল জলাশয় দেখা যায়। এটাকে বলা হয় মৃত সাগর বা লূত সাগর।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

❑ **সঠিক উত্তরের ডান পাশে 'শু' এবং ভুল উত্তরের ডান পাশে 'অ' লেখ :**

১. জুয়া খেলা একটি মারাত্মক অপরাধ।
২. কুরাইশ ও কায়েস দুইটি বংশের নাম।
৩. প্রথম তিন বছরে ৫০ জন নর-নারী ইসলাম গ্রহণ করেন।
৪. হযরত মূসা (আ.) ১২০ বছর জীবিত ছিলেন।
৫. ইসহাক (আ.) ৫০ বছর বয়সে বিয়ে করেন।

**উত্তর :** ১. 'শু' ২. 'শু' ৩. 'অ' ৪. 'শু' ৫. 'অ'

❑ **বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে পূর্ণবাক্য তৈরি কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. কুরআন মজিদে ২৫ জন | ১. তাঁর আব্বা ইন্তিকাল করেন। |
| ২. মহানবি (স.)-এর জন্মের আগেই<br>৩. মহানবির দুধ মা হালিমার<br>৪. মহানবি (স.) সমাজের দুরবস্থা<br>৫. স্ত্রী খাদিজা (রা) সর্বপ্রথম | ২. একটি পুত্রসন্তান ছিল।<br>৩. দেখে দুঃখ পেলেন।<br>৪. নবি-রাসুলের নাম উলেরখ আছে।<br>৫. ইসলাম গ্রহণ করেন। |

**উত্তর :**

১. কুরআন মজিদে ২৫ জন **নবি-রাসুলের নাম উল্লেখ আছে**।

২. মহানবির (স.) জন্মের আগেই **তাঁর আব্বা ইন্তিকাল করেন**।

৩. মহানবির দুধ মা হালিমার **একটি পুত্রসন্তান ছিল**।

৪. মহানবি (স.) সমাজের দুরবস্থা **দেখে দুঃখ পেলেন**।

৫. স্ত্রী খাদিজা (রা) সর্বপ্রথম **ইসলাম গ্রহণ করেন**।

❑ **উপযুক্ত শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর :**

১) হযরত আদম (আ.) ছিলেন পৃথিবীর সর্বপ্রথম ——— এবং ———।

২) মহানবির চরিত্র ছিল ——— সুন্দর।

৩) জুয়া খেলা ——— অপরাধ।

৪) হিলফুল ফুজুল বা শান্তিসংঘ —— বছর স্থায়ী ছিল।

৫) মহানবি (স.) নির্জন ——— আলস্নাহর ধ্যানে মগ্ন থাকতেন।

৬) তাওহীদ অর্থ ——— ।

৭) মহানবি (স.) চাচা ——— তাঁকে পাথর ছুড়ে মারল।

১০) বালকটির কথা শুনে মহানবির (স.) মনে ——— হলো।

১২) ওলীদ ছিল খুব ——— ।

১৩) আছিয়া ছিলেন ইসরাইলি ——— ।

১৫) হযরত মূসা (আ.) ——— বছর জীবিত ছিলেন।

**উত্তর :** ১) মানুষ, প্রথম নবি ২) খুবই ৩) মারাত্মক ৪) ৫০ ৫) গুহায় ৬) একত্ববাদ ৭) আবু লাহাব ১০) দয়া ১২) লোভী ১৩) কন্যা ১৫) ১২০।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

➲ <u>সাধারণ</u>

**নবি ও রাসুলগণের পরিচয় ও জীবনাদর্শ**

**১. কুরআন মজিদে কতজন নবি-রাসুলের নাম উল্লেখ আছে?** ক

ক) ২৫ জন খ) ২৬ জন
গ) ২৭ জন ঘ) ২৮ জন

**২. কারা আমাদেরকে আল্লাহর ইবাদত ও সঠিক পথে জীবনযাপন পদ্ধতি শিখিয়েছেন?** ক

ক) নবি ও রাসুলগণ খ) শিৰক মহোদয়গণ
গ) মাতা–পিতা ঘ) জ্ঞানী-গুণীজন

**মহানবি হযরত মুহাম্মদ (স.) এর জীবনাদর্শ**

**৩. কে নবিজির নাম রাখেন মুহাম্মদ (স.)?** গ

ক) মা খ) বাবা
গ) দাদা ঘ) চাচা

**৪. নবিজির আহমাদ নাম কে রেখেছিলেন?** ক

ক) নবিজির মা খ) নবিজির বাবা
গ) নবিজির দাদা ঘ) নবিজির চাচা

**৫. মহানবি হযরত মুহাম্মদ (স.) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?** ক

ক) ৫৭০ খ্রিস্টাব্দে খ) ৫৬০ খ্রিস্টাব্দে

Ⓖ ৫৬৫ খ্রিস্টাব্দে Ⓖ ৫৬৬ খ্রিস্টাব্দে

৬. **কারা আমাদের শিক্ষক?** ক

ক নবি–রাসুলেরা খ পীর বুযুর্গরা

গ দাদা–দাদিরা ঘ ভাই–বন্ধুরা

৭. **পৃথিবীর সর্ব প্রথমমানুষ এবং নবির নাম কী?** ক

ক হযরত আদম (আ.) খ হযরত নুহ (আ.)

গ হযরত সুলায়মান (আ.) ঘ হযরত ইবরাহীম (আ.)

৮. **সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবির নাম কী?** খ

ক হযরত ঈসা (আ.) খ হযরত মুহাম্মদ (স.)

গ হযরত মূসা (আ.) ঘ হযরত ইসমাইল (আ.)

৯. **মুহাম্মদ অর্থ কী?** খ

ক শ্রেষ্ঠ খ প্রশংসিত

গ প্রশংসাকারী ঘ মহান

১০. **আহমাদ অর্থ কী?** খ

ক প্রশংসিত খ প্রশংসাকারী

গ বিশ্বাস ঘ মহাসত্যবাদী

১১. **মহানবির কত বছর বয়সে তাঁর মা ইন্তিকাল করেন?** খ

ক ৫ বছর খ ৬ বছর

গ ৭ বছর ঘ ৮ বছর

১২. **আল আমিন অর্থ কী?** ক

ক বিশ্বাসী খ সত্যবাদী

গ বিশ্বস্ত ঘ চরম বিশ্বস্ত

**হিলফুল ফুজুল গঠন**

১৩. **মহানবি (স.)–এর দুধমার নাম কী?** খ

ক আছিয়া খ হালিমা

গ সফুরা ঘ আমিনা

১৪. **‘হারবুল ফিজার’ কী নামে পরিচিত?** ক

ক অন্যায় সমর খ অসম সমর

গ ন্যায় সমর ঘ অপরিচিত সমর

১৫. **‘হারবুল ফিজার’ কাদের মধ্যে সংঘটিত হয়?** খ

ক কুরাইশ ও বনি কুরায়জা গোত্রের মধ্যে

খ কুরাইশ ও কায়েশ গোত্রের মধ্যে

গ কুরাইশ ও খাজরাজ গোত্রের মধ্যে

ঘ কুরাইশ ও আউস গোত্রের মধ্যে

১৬. **মহানবি কত বছর বয়সে ‘হিলফুল ফুজুল’ গঠন করেছিলেন?** ক

ক ১৫ বছর খ ২০ বছর

গ ২৫ বছর ঘ ৩০ বছর

১৭. **কুরাইশ ও কায়েস বংশের মধ্যে ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়েছিল কেন?** গ

ক মেলাকে কেন্দ্র করে

খ নেতৃত্বকে কেন্দ্র করে

গ জুয়া খেলাকে কেন্দ্র করে

ঘ সম্পদকে কেন্দ্র করে

১৮. **জুয়া খেলা কী?** খ

ক সাধারণ অপরাধ খ মারাত্মক অপরাধ

গ সামাজিক অপরাধ ঘ ব্যক্তির অপরাধ

১৯. **‘হারবুল ফিজার’ বা ‘অন্যায় সমর’ কত বছর স্থায়ী ছিল?** ক

ক ৫ বছর খ ১০ বছর

গ ১৫ বছর ঘ ২০ বছর

২০. **মহানবি (স.) কাদের নিয়ে একটি সেবাসংঘ গঠন করেন?** গ

ক ধনীদের নিয়ে খ গরিবদের নিয়ে

গ যুবকদের নিয়ে ঘ বৃদ্ধদের নিয়ে

**নবুয়ত লাভ**

২১. **মক্কা থেকে কত মাইল দূরে হেরা গুহা অবস্থিত?** গ

ক ১ মাইল খ ২ মাইল

গ ৩ মাইল ঘ ৪ মাইল

২২. **মহানবি (স.) কোথায় আল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন?** গ

ক পবিত্র কাবা ঘরে খ মদিনার মসজিদে

গ হেরা গুহায় ঘ দারবল আরকামে

**২৩. আল্লাহর মহান বাণী নিয়ে কে হেরা গুহায় আসেন?** খ

ক হযরত আযরাইল (আ.)

খ হযরত জিবরাইল (আ.)

গ হযরত মিকাইল (আ.)

ঘ হযরত ইসরাফিল (আ.)

**২৪. মহানবি (স.) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন?** গ

ক ২৩ বছর খ ২৫ বছর

গ ৪০ বছর ঘ ৬৩ বছর

**২৫. সর্ব প্রথম কুরআনের কোন সূরা অবতীর্ণ হয়?** খ

ক সূরা বাকারা খ সূরা আলাক

গ সূরা কদর ঘ সূরা ফাতিহা

**মক্কায় ইসলাম প্রচার**

**২৬. পুরুষদের মধ্যে সর্ব প্রথম ইসলাম গ্রহণ করেন কে?** খ

ক হযরত আলী (রা.) খ হযরত আবু বকর (রা.)

গ হযরত উসমান (রা.) ঘ হযরত উমর (রা.)

**২৭. মহানবি (স.) কত বছর নিকট আত্মীয়–স্বজন ও নিকটতম লোকদের কাছে গোপনে ইসলাম প্রচার করেন?** গ

ক এক বছর খ দুই বছর

গ তিন বছর ঘ চার বছর

**২৮. সর্বপ্রথম কে ইসলাম গ্রহণ করেন?** ক

ক হযরত খাদিজা (রা) খ হযরত হালিমা (রা)

গ হযরত আয়েশা (রা) ঘ হযরত ফাতিমা (রা)

**২৯. প্রথম তিন বছরে কতজন নর–নারী ইসলাম গ্রহণ করেন?** খ

ক ৪০ জন খ ৪৫ জন

গ ৫০ জন ঘ ৬০ জন

**৩০. মহানবি (স.)–এর কোন চাচা তাঁকে পাথর মেরে রক্তাক্ত করেছিল?** গ

ক আবু জাহেল খ আবু তালিব

গ আবু লাহাব ঘ আমির হামযাহ

**৩১. বালকদের মধ্যে কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন?** গ

ক হযরত আব্বাস (রা) খ হযরত জাফর (রা)

গ হযরত আলী (রা) ঘ হযরত হাসান (রা)

**শ্রমের মর্যাদা দান**

**৩২. মহানবি (স.) এর ছেঁড়া জামাকাপড় সেলাই করতেন—** ঘ

ক স্ত্রী খাদিজা (রা) খ মেয়ে ফাতিমা (রা)

গ মা আমিনা ঘ মহানবি নিজেই

**৩৩. মহানবি (স.)–এর জুতা কে মেরামত করতেন?** ক

ক নিজেই মেরামত করতেন খ কাজের লোক

গ মুচি ঘ ঘরের লোকেরা

**৩৪. মহানবি (স.) চাকরদের সম্পর্কে কী বলেছেন, তারা—** ক

ক আমাদের ভাই খ আমাদের আত্মীয়

গ আমাদের প্রতিবেশী ঘ আমাদের সহকর্মী

**৩৫. মহানবি (স.) কার হাত থেকে পানির পাত্রটা নিজের হাতে নিয়েছিলেন?** গ

ক আম্মার হাত থেকে খ আব্বার হাত থেকে

গ বৃদ্ধের হাত থেকে ঘ প্রতিবেশীর হাত থেকে

**৩৬. "শ্রমিককে তার গায়ের ঘাম শুকানোর আগেই পারিশ্রমিক দিয়ে দাও"—বাণীটি কার?** খ

ক মহান আলরাহর

খ মহানবি (স.)–এর

গ হযরত আবু বকর (রা)–এর

ঘ হযরত উমর (রা)–এর

**৩৭. 'যারা কাজ করে তারা তোমাদের ভাই' এ উক্তিটি কার?** ক

ক মহানবি (স.)–এর

খ হযরত আলী (রা.)–এর

গ আলরাহতায়ালার

ঘ হযরত লুকমান (আ.)–এর

**৩৮. মহানবি (স.) কাদের সম্পর্কে বলেছেন, তোমরা যা খাবে তাদেরকেও তা খাওয়াবে?** গ

ক এতিমদের সম্পর্কে
খ প্রতিবেশীর সম্পর্কে
গ কাজের লোকদের সম্পর্কে
ঘ আত্মীয়দের সম্পর্কে

**মহানবি (স.)-এর দয়া**

**৩৯. ইয়াতিম বালকটির সম্পদ কে কেড়ে নিয়েছিল?** খ

ক আবু লাহাব  খ আবু জাহেল
গ আবুল তালেব  ঘ আবু সুফিয়ান

**৪০. বালকটি কাঁদতে কাঁদতে মহানবি (স.)-কে কী বলল?** ক

ক আব্বু নাই  খ আম্মু নাই
গ ভাই নাই  ঘ বোন নাই

**৪১. "পৃথিবীতে যারা আছে তাদের প্রতি দয়া দেখাও, তাহলে আল্লাহ তোমাদের প্রতি দয়া দেখাবেন"– এ বাণীটি কার?** গ

ক হযরত ইবরাহীম (আ.)  খ হযরত আদম (আ.)
গ হযরত মুহাম্মদ (স.)  ঘ হযরত ঈসা (আ.)

**৪২. মহানবি (স.) আবু জাহেলের কাছ থেকে কার পাওনা আদায় করে দিয়েছিলেন?** ক

ক ইয়াতিম বালকের  খ মিসকিনদের
গ প্রতিবেশীর  ঘ আত্মীয়ের

**মহানবি (স.)-এর ক্ষমা**

**৪৩. "হে মুহাম্মদ (স.), তোমাকে এই তলোয়ারের আঘাত থেকে কে রক্ষা করবে"–এ প্রশ্নটি কার?** ক

ক এক কাফিরের  খ এক মুসরিকের
গ এক মুনাফিকের  ঘ এক মুমিনের

**৪৪. কার ক্ষমার আদর্শে মুগ্ধ হয়ে মক্কাবাসী ইসলাম গ্রহণ করেছিল?** ক

ক মহানবি (স.)–এর
খ হযরত উসমান (রা)–এর
গ হযরত আবু বকর (রা)–এর
ঘ হযরত আলী (রা)–এর

**৪৫. কোন যুদ্ধ শেষে বাড়ীর ফেরার পথে পথিমধ্যে এক কাফির মহানবি (স.)–কে আক্রমণ করল?** গ

ক বনি মুস্তালিকের যুদ্ধ  খ তাবুকের যুদ্ধ
গ গাতফানের যুদ্ধ  ঘ খন্দকের যুদ্ধ

**মহানবি (স.) মাতৃভক্তি [ পৃষ্ঠা নং–৭৮ ]**

**৪৬. আমাদের সবচেয়ে আপনজন কারা?** ঘ

ক দাদা–দাদি  খ ভাই–বোন
গ নানা–নানি  ঘ আব্বা–আম্মা

**৪৭. মহানবি (স.)–এর কতো বছর বয়সে তাঁর মা আমিনা ইন্তিকাল করেন?** ক

ক ৬ বছর  খ ৭ বছর
গ ৮ বছর  ঘ ৯ বছর

**৪৮. কাকে দেখে মহানবি (স.) আসন ছেড়ে উঠে দাঁড়ালেন?** গ

ক দাদাকে  খ চাচাকে
গ দুধ মাকে  ঘ আব্বাকে

**৪৯. কাকে বসানোর জন্য মহানবি (স.) নিজের গায়ের চাদর বিছিয়ে দিয়েছিলেন?** গ

ক মা আমিনাকে  খ স্ত্রী খাদিজাকে
গ দুধ মা হালিমাকে  ঘ হযরত আয়েশাকে

**হযরত মূসা (আ.)**

**৫০. মিশরের বাদশাহ ওলীদ কেমন ছিল?** গ

ক দয়ালু  খ দাতা
গ লোভী  ঘ কঠোর

**৫১. হযরত মূসা (আ.)-এর মাতার নাম কী?** গ

ক হযরত আছিয়া  খ হযরত হাজেরা
গ হযরত ইউখাবেজ  খ হযরত মরিয়ম

**৫২. মূসা (আ.)-এর শ্বশুরের নাম কী?** গ

ক হযরত ইলিয়াছ (আ.)  খ হযরত ইসহাক (আ.)
গ হযরত শুআইব (আ.)  ঘ হযরত ইয়াকুব (আ.)

**৫৩. হযরত মূসা (আ.)-এর স্ত্রীর নাম কী?** গ

ক হযরত আছিয়া খ হযরত মরিয়ম
গ হযরত সফুরা ঘ হযরত হালিমা

**৫৪. প্রাচীনকালে মিশরের বাদশাহকে কী বলা হতো?** খ

ক প্রধানমন্ত্রী খ ফিরআউন
গ নমরূ দ ঘ প্রেসিডেন্ট

**৫৫. বালআম বাউর কে ছিল?** গ

ক ডাক্তার খ হেকিম
গ গণক ঘ জ্যোতির্বিদ

**৫৬. ফিরআউন কার পরামর্শে রাজ্যের ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ করে দিয়েছিল?** ক

ক মন্ত্রীর পরামর্শে খ প্রজাদের পরামর্শে
গ জ্ঞানীদের পরামর্শে ঘ স্ত্রীর পরামর্শে

**৫৭. হামানের পদবি কী ছিল?** ক

ক মন্ত্রী খ সেনাপতি
গ প্রধান বিচারপতি ঘ দ্বাররৰী

**৫৮. হযরত মূসা (আ.) কত সালে জন্মগ্রহণ করেন?** ক

ক খ্রিস্টপূর্ব ১০৪০ অব্দে খ খ্রিস্টপূর্ব ১০৫০ অব্দে
গ খ্রিস্টপূর্ব ১০৩০ অব্দে ঘ খ্রিস্টপূর্ব ১০৬০ অব্দে

**৫৯. মূসা (আ.) কোন বংশে জন্মগ্রহণ করেন?** খ

ক কিবতী খ বনি ইসরাইল
গ বনি নাজ্জার ঘ বনু হাশেম

**৬০. মূসা (আ.)–এর মা ফিরআউনের ভয়ে শিশু মূসা (আ.)–কে কোথায় ভাসিয়ে দিয়েছিলেন?** ক

ক নদীতে খ পুকুরে
গ সাগরে ঘ কূপে

**৬১. মূসা (আ.)–এর মায়াভরা চেহারা দেখে কে কোলে তুলে নিয়েছিলেন?** ক

ক বিবি আছিয়া খ বিবি মরিয়ম
গ বিবি সফুরা ঘ বিবি হাজেরা

**মাদইয়ান বা মাদয়ান গমন**

**৬২. মূসা (আ.) মিশর ছেড়ে কোথায় চলে গিয়েছিলেন?** ক

ক মাদইয়ান খ ইয়েমেন
গ আম্মান ঘ ওমান

**৬৩. মাদয়ানে হযরত মূসা (আ.) একজন বিখ্যাত নবির সাক্ষাৎ পান। তিনি কে ছিলেন?** ঘ

ক হযরত হারবন (আ.) খ হযরত ইউসুফ (আ.)
গ হযরত ইলিয়াস (আ.) ঘ হযরত শুআইব (আ.)

**৬৪. মাদয়ানে হযরত মূসা (আ.) কত বছর কাটান?** খ

ক ৫ বছর খ ১০ বছর
গ ১৫ বছর ঘ ২০ বছর

**নবুয়ত লাভ**

**৬৫. হযরত মূসা (আ.) ফিরআউনকে কী দেখালেন?** ক

ক অলৌকিক ঘটনা খ কারামতের ঘটনা
গ অদৃশ্যের ঘটনা ঘ ম্যাজিক ঘটনা

**৬৬. হযরত মূসা (আ.) কোন পাহাড়ে নবুয়ত লাভ করেন?** ক

ক তুর পাহাড়ে খ সিনাই পাহাড়ে
গ সাফা পাহাড়ে ঘ মারওয়া পাহাড়ে

**৬৭. কে কালিমুল্লাহ উপাধিতে ভূষিত হন?** গ

ক হযরত ইবরাহীম (আ.) খ হযরত ইসমাঈল (আ.)
গ হযরত মূসা (আ.) ঘ হযরত ঈসা (আ.)

**৬৮. আল্লাহ তায়ালা হযরত মূসা (আ.)–কে কার নিকট দ্বীনের দাওয়াত দেওয়ার নির্দেশ দিয়েছিলেন?** ক

ক ফিরআউনের খ হামানের
গ ইবনে খলফের ঘ বনি ইসরাইলের

**৬৯. হযরত মূসা (আ.) তাঁর সহযোগী হিসেবে কার জন্য দোয়া করলেন?** ক

ক ভাইয়ের জন্য খ স্ত্রীর জন্য
গ বোনের জন্য খ বাবার জন্য

**৭০. হযরত মূসা (আ.)–কে মারার জন্য সংকল্প করেছিল কে?** খ

ক হামান খ ফিরআউন
গ বনি ইসরাইল ঘ কিবতী

**দলবলসহ ফিরআউনের ধ্বংস**

**৭১. হযরত মূসা (আ.) হাতের লাঠি দ্বারা কোথায় আঘাত করলেন?** ⓚ খ

ⓚ ফিরআউনের পায়ে ⓚ নদীতে

(ক) ফিরআউনের পায়ে (খ) নদীতে
(গ) ফিরআউনের মাথায় (ঘ) পাহাড়ে

**৭২. বনি ইসরাইলের ১২টি দলের জন্য কয়টি রাস্তা হয়ে গিয়েছিল?** গ

(ক) ৫টি (খ) ১০টি
(গ) ১২টি (ঘ) ১৫টি

**৭৩. ফিরআউন ও তাঁর দলবলসহ কোথায় ডুবে মরল?** খ

(ক) মিশরের নীলনদে (খ) ভূমধ্যসাগরে
(গ) আরব সাগরে (ঘ) সাহারার মরৰভূমিতে

**হযরত মূসা (আ.)-এর তাওরাত লাভ**

**৭৪. কোন ব্যক্তির ধোকায় পড়ে হযরত মুসা (আ.)–এর অনুসারীরা গো–বৎস পূজায় জড়িয়ে পড়েছিল?** ক

(ক) সামেরীর (খ) হামানের
(গ) ফিরআউনের (ঘ) কারবনের

**৭৫. হযরত মূসা (আ.)-এর অনুপস্থিতিতে তাঁর অনুসারীরা কী পূজায় জড়িয়ে পড়েছিল?** ঘ

(ক) মূর্তি পূজায় (খ) পাহাড় পূজায়
(গ) আগুন পূজায় (ঘ) গো–বৎস পূজায়

**৭৬. গো-বৎস পূজা করার কারণে কত হাজার বনি ইসরাইলকে হত্যা করা হলো?** গ

(ক) পঞ্চাশ হাজার (খ) ষাট হাজার
(গ) সত্তর হাজার (ঘ) আশি হাজার

**৭৭. হযরত মূসা (আ.) কত বছর জীবিত ছিলেন?** গ

(ক) ১০০ বছর (খ) ১১০ বছর
(গ) ১২০ বছর (ঘ) ১৩০ বছর

**৭৮. হযরত মূসা (আ.) তাওরাত কিতাব আনার জন্য কোথায় গিয়েছিলেন?** গ

(ক) আরশে আজীমে (খ) পবিত্র কাবাঘরে
(গ) তুর পাহাড়ে (ঘ) পবিত্র তীহ ময়দানে

**হযরত হুদ (আ.)**

**৭৯. আদ জাতি এক আল্লাহকে ভুলে গিয়ে কিসে লিপ্ত হয়েছিল?** ক

(ক) মূর্তি পূজায় (গ) গো–বৎস পূজায়
(গ) পাথর পূজায় (ঘ) আগুন পূজায়

**৮০. আদ জাতির লোকেরা কেমন ছিল?** ক

(ক) অহংকারী (খ) বিনয়ী
(গ) দয়ালু (ঘ) উচ্চাভিলাষী

**৮১. আদ জাতির ওপর লাগাতার কয় রাত ও কয় দিন ঘূর্ণিঝড় হয়েছিল?** ক

(ক) ৭ রাত ৮ দিন (খ) ৬ রাত ৭ দিন
(গ) ৮ রাত ৭ দিন (ঘ) ৭ দিন ৮ রাত

**৮২. আদ জাতিকে নিয়ে হযরত হুদ (আ.) পরে কোথায় চলে গিয়েছিলেন?** ক

(ক) মক্কায় (খ) মদিনায়
(গ) মাদইয়ানে (ঘ) মিশরে

**৮৩. আদজাতিকে ধ্বংস করা হয়েছিল কীভাবে?** ক

(ক) ঘূর্ণিঝড় দ্বারা (খ) সিডর দ্বারা
(গ) ভূমিকম্প দ্বারা (ঘ) বীকট শব্দ দ্বারা

**হযরত সালিহ (আ.)**

**৮৪. সামুদ জাতির প্রধান শহরের নাম কী ছিল?** গ

(ক) মাদায়ান (খ) মক্কা
(গ) হিজর (ঘ) মদিনা

**৮৫. সামুদ জাতি সম্পদ ও শক্তির কারণে কাকে ভুলে গিয়েছিল?** ক

(ক) মহান আলরাহকে
(খ) হযরত সালিহ (আ.)-কে
(গ) হযরত হুদ (আ.)-কে
(ঘ) হযরত ইবরাহীম (আ.)-কে

**৮৬. ভীষণ শব্দ ও ভূমিকম্পে কারা ধ্বংস হয়েছিল?** খ

ক আদ জাতি খ সামুদ জাতি
গ লূত জাতি ঘ অন্য জাতি

**৮৭. সামুদ জাতি কার বংশধর?**

ক হিশাম খ সাম
গ কাবিল ঘ কেনান

**৮৮. হিজর শহরটি বর্তমানে কী নামে পরিচিত?** ক

ক মাদায়েনে সালিহ খ মাদায়েনে শুআইব
গ মাদায়েনে মুসা ঘ মাদায়েনে কাতুরা

**৮৯. হযরত সালিহ (আ.)–এর জাতির নাম কী ছিল?** ক

ক সামুদ খ আদ
গ লূত ঘ সাবা

**৯০. সামুদ জাতি কেন ধ্বংস হয়েছিল?** ক

ক আলৱাহর প্রতি ইমান না আনার কারণে
খ আজাবের কথা না জানার কারণে
গ আপোষে মিল না থাকার কারণে
ঘ পর্যাপ্ত জিনিসপত্র না থাকার কারণে

**হযরত ইসহাক (আ.)**

**৯১. হযরত ইসহাক (আ.) হযরত ইবরাহীম (আ.)-এর কততম পুত্র ছিলেন?** ক

ক ২য় পুত্র খ ৩য় পুত্র
গ ৪র্থ পুত্র ঘ ৫ম পুত্র

**৯২. হযরত ইসহাক (আ.)-এর পুত্রের নাম কী?** ক

ক হযরত ইয়াকুব (আ.) খ হযরত লূত (আ.)
গ হযরত ইউসা (আ.) ঘ হযরত ইউছুফ (আ.)

**৯৩. হযরত ইসহাক (আ.)-এর মায়ের নাম কী?** ঘ

ক হযরত মরিয়ম (আ.) খ হযরত সফুরা (রা)
গ হযরত হাযেরা (রা) ঘ হযরত সাবা (রা)

**৯৪. ইসহাক (আ.) কত বছর বয়সে বিয়ে করেন?** গ

ক ৫০ বছর খ ৬০ বছর
গ ৪০ বছর ঘ ৭০ বছর

**৯৫. হযরত ইসহাক (আ.) কত বছর বয়সে ইন্তিকাল করেন?** খ

ক ১৮৫ বছর খ ১৮৬ বছর
গ ১৮৭ বছর ঘ ১৮৮ বছর

**৯৬. খ হযরত ইয়াকুব (আ.)–এর পিতার নাম কী ছিল?** ক

ক হযরত ইসহাক (আ.) খ হযরত ইসমাইল (আ.)
গ হযরত আইয়ুব (আ.) ঘ হযরত ইউনুস (আ.)

**হযরত লূত (আ.)**

**৯৭. মৃত সাগর কোথায় অবস্থিত?** ক

ক পূর্ব জর্দান ও ফিলিস্তিনে খ পূর্ব ইরাক ও জর্ডানে
গ পূর্ব জর্দান ও মিশরে ঘ পূর্ব জর্দান ও ইয়ামেনে

**৯৮. হযরত লূত (আ.)–এর পিতার নাম কী?** ক

ক হারান খ আবদুলৱাহ
গ ইসহাক ঘ ইমরান

**৯৯. হযরত ইবরাহীম (আ.) কাকে নিজের পুত্রের মতো লালন-পালন করছিলেন?** গ

ক ইযরত ইসহাক (আ.)-কে
খ হযরত ইসমাঈল (আ.)-কে
গ হযরত লূত (আ.)-কে
ঘ হযরত ইউসুফ (আ.)-কে

**১০০. হযরত ইবরাহীম (আ.) কাকে নিজের ওয়ারিস মনে করতেন?** ক

ক লূত (আ.)-কে খ ইসহাক (আ.)-কে
গ ইউসুফ (আ.)-কে ঘ ইমরান (আ.)-কে

**১০১. হযরত লূত (আ.)-কে সত্য দীন প্রচারের জন্য কোথায় পাঠানো হয়েছিল?** গ

ক মক্কা ও মদিনায় খ মিশর ও কায়রোতে
গ সাদুম ও আমুরায় ঘ ইরাক ও ফিলিস্তিনে

**১০২. সামুদ সম্প্রদায় কেমন ছিল?** গ

ক ঝগড়াটে খ মিতব্যয়ী
গ অতিবিলাসী ঘ হিংসুটে

**১০৩. পূর্ব জর্দান ও ফিলিস্তিনের মধ্যে একটি বিখ্যাত ও বিশাল জলাশয় দেখা যায়, জলাশয়টির নাম কী?** ●গ

ক আরব সাগর　খ লোহিত সাগর

গ মৃত সাগর　ঘ ভূ-মধ্যসাগর

**১০৪. সামুদ জাতিকে কীভাবে ধ্বংস করা হয়েছিল?** ●গ

ক বাতাসের দ্বারা

খ বন্যা ও খরার দ্বারা

গ বিকট শব্দ ও পাথর বৃষ্টির দ্বারা

ঘ ভূমিকম্পের দ্বারা

**হযরত শুয়াইব (আ.)**

**১০৫. হযরত শুয়াইব (আ.)–এর সাথে কোন নবির আত্মীয়তার সম্পর্ক ছিল?** ●ক

ক হযরত লূত (আ.)-এর

খ হযরত ইসমাঈল (আ.)-এর

গ হযরত ইসহাক (আ.)-এর

ঘ হযরত ইউনুস (আ.)-এর

**১০৬.মাদয়ান কীসের নাম?** ●খ

ক জাতি ও দেশের নাম　খ জাতি ও শহরের নাম

গ গ্রাম ও নদীর নাম　ঘ সমুদ্র ও মরৰভূমির নাম

**১০৭.মাদয়ানের বাসিন্দারা কেমন ছিল?** ●খ

ক গরিব　খ ধনী

গ অপচয়ী　ঘ মিতব্যয়ী

**১০৮.হযরত শুয়াইব (আ.)-এর সম্প্রদায় কীসের পূজা করত?** ●গ

ক অগ্নিপূজা　খ পাথরপূজা

গ মূর্তিপূজা　ঘ বৃৰপূজা

**১০৯.হযরত শুয়াইব (আ.) কোথায় ইন্তিকাল করেন?** ●ঘ

ক ফিলিস্তিনে　খ ইরাকে

গ সামে　ঘ হাযরামাওতে

**১১০.হযরত মূসা (আ.) কত বছর যাবৎ হযরত শুয়াইব (আ.) আশ্রয়ে ছিলেন?** ●ক

ক ১০ বছর　খ ১৫ বছর

গ ২০ বছর　ঘ ২৫ বছর

**১১১. হযরত শুয়াইব (আ.)–কে তাঁর চমৎকার বক্তৃতার জন্য কী বলা হতো?** ●খ

ক ইমামুল আম্বিয়া　খ খতিবুল আম্বিয়া

গ আমিমুল আম্বিয়া　ঘ আখিরী আম্বিয়া

**১১২. হযরত ইবরাহীম (আ.)–এর তৃতীয় স্ত্রী নাম কী ছিল?** ●ক

ক কাতুরা　খ সফুরা

গ হাজেরা　ঘ সারা

**১১৩. আসহাবে মাদয়ান কীসের পূজা করত?** ●ক

ক মূর্তির　খ তারকার

গ সূর্যের　ঘ বৃৰের

**১১৪. হযরত শুয়াইব (আ.) কাদের নিকট প্রেরিত হয়েছিলেন?** ●ক

ক আসহাবে মাদয়ান　খ আসহাবে কাহফ

গ আসহাবে মদিনা　ঘ আসহাবে সুফফা

**হযরত ইলিয়াস (আ.)**

**১১৫. হযরত ইলিয়াস (আ.) কোন দেশের বাসিন্দাদের হিদায়াতের জন্য প্রেরিত হয়েছিলেন?** ●গ

ক ইরাকের　খ ইসরাইলের

গ শামের　ঘ সিরিয়ার

**১১৬. হযরত ইলিয়াস (আ.) কোথায় জন্মগ্রহণ করেন?** ●ক

ক জর্দানের আলআদে　খ ইরাকের বসরায়

গ ফিলিস্তিনের মাদয়ানে　ঘ মিশরের কায়রোতে

**১১৬. হযরত ইলিয়াস (আ.)–এর দ্বীন প্রচারের শহর কোনটি ছিল?** ●গ

ক মাদয়ান　খ ফিলিস্তিন

গ বালাবাক্কু　ঘ হাযরামাওত

**১১৭. হযরত ইলিয়াস (আ.) কার বংশধর ছিলেন?** ●খ

ক হযরত মূসা (আ.)-এর

খ হযরত হারৰন (আ.)-এর

গ হযরত লূত (আ.)-এর

ⓖ হযরত শুয়াইব (আ.)-এর

**১১৮. বা'ল দেবতা কোন সম্প্রদায়ের প্রধান মূর্তি ছিল?** ক

ⓚ ইসরাইলি ⓚ কিবতী
ⓖ লূত ⓖ আদ

**১১৯. হযরত ইলিয়াস (আ.) কার স্থলাভিষিক্ত হন?** গ

ক হযরত শুয়াইব (আ.)–এর
খ হযরত লূত (আ.)–এর
গ হযরত হিযকীল (আ.)–এর
ঘ হযরত মূসা (আ.)–এর

**১২০. হযরত ইলিয়াস (আ.)–এর সময়ে ইসরাইলের শাসনকর্তা কে ছিলেন?** খ

ক ওলীদ খ আখিব
গ নমরবদ ঘ ফিরআউন

**হযরত যুলকিফল (আ.)**

**১২১. যুলকিফল অর্থ কী?** গ

ক সম্পদ রৰাকারী খ দায়িত্ব অবহেলাকারী
গ প্রতিজ্ঞা রৰাকারী ঘ প্রতিজ্ঞা ভঙ্গাকারী

**১২২. কোন নবি কখনো রাগ করতেন না?** ঘ

ক হযরত হারবন (আ.) খ হযরত শুয়াইব (আ.)
গ হযরত হিযকীল (আ.) ঘ হযরত যুলকিফল (আ.)

**১২৩. ইবলিস শয়তান এক মজলুম বৃদ্ধের বেশে কার ধৈর্যচ্যুতির চেস্টা করল?** ঘ

ক হযরত মূসা (আ.)-এর
খ হযরত শুইয়াব (আ.)-এর
গ হযরত হিযকীল (আ.)-এর
ঘ হযরত যুলকিফল (আ.)-এর

**১২৪. হযরত যুলকিফল (আ.)–এর মধ্যে কয়টি বিশেষ গুণ ছিল?** খ

ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

**হযরত যাকারিয়া (আ.)**

**১২৫. হযরত যাকারিয়া (আ.) কোন নবির বংশধর ছিলেন?** গ

ক হযরত ইউসুফ (আ.)-এর
খ হযরত ইউনুস (আ.)-এর
গ হযরত সুলায়মান (আ.)-এর
ঘ হযরত মূসা (আ.)-এর

**১২৬. হযরত ঈসা (আ.)–এর মাতা মরিয়মের অভিভাবক কে ছিলেন?** ক

ক হযরত যাকারিয়া (আ.) খ হযরত ইউসুফ (আ.)
গ হযরত মূসা (আ.) ঘ হযরত যুলকিফল (আ.)

**১২৭. হযরত মরিয়মের মাতার নাম কী?** ক

ক হান্না খ সফুরা
গ আছিয়া ঘ খাদিজা

**১২৮. ইহুদিরা কাকে গাছসহ দ্বিখণ্ডিত করেছিল?** ক

ক হযরত যাকারিয়া (আ.)-কে
খ হযরত যুলকিফল (আ.)-কে
গ হযরত ইউসুফ (আ.)-কে
ঘ হযরত ইমরান (আ.)-কে

**১২৯. কে ইবাদতখানার ইমাম ও মতোয়াল্লী ছিলেন?** ক

ক হযরত যাকারিয়া (অ) খ হযরত ঈসা (আ.)
গ হযরত মূসা (আ.) ঘ হযরত হারবন (আ.)

**১৩০. কাকে মহান আল্লাহ পুত্রসন্তানের সুসংবাদ দিয়েছিলেন?** ক

ক হযরত যাকারিয়া (আ.)-কে
খ হযরত ইবরাহীম (আ.)-কে
গ হযরত ঈসা (আ.)-কে
ঘ হযরত ইয়াকুব (আ.)-কে

**১৩১. ফিরআউন ও তার দলবলের অত্যাচারে মূসা (আ.) কোন দেশে চলে গিয়েছিলেন?** ক

ক মাদয়ানে খ সিরিয়ায়
গ হাযরামাওতে ঘ ফিলিস্তিনে

**১৩২. হযরত যাকারিয়া (আ.) কোন সম্প্রদায়ের নবি ছিলেন?**

ক

ক বনি ইসরাইলের খ বনু কোরায়জার

গ বনু তায়িমের ঘ বনি জোরহামের

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল: নবি রাসূলগণের প্রেরণ সম্পর্কে জানতে পারব।**

**১৩৩. আল্লাহতায়ালা অনেক নবি রাসুল পাঠিয়েছেন কেন?** গ

ক মানুষের অবস্থার পরিবর্তনের জন্য

খ সামাজিক অবস্থার পরিবর্তনের জন্য

গ মানুষকে আলরাহর ইবাদতের নিয়মকানুন শিখানোর জন্য

ঘ মানুষকে অর্থনৈতিকভাবে সাবলম্বী করার জন্য

**১৩৪. মহানবি (স.)–এর আদর্শ অনুসরণ করে তুমি কী করবে?** ক

ক সদা সত্য কথা বলবে

খ নিজের মান–সম্মান ঠিক রাখবে

গ সর্বদা নিজ কাজে ব্যস্ত থাকবে

ঘ সর্বদা নিজ ঘরেই অবস্থান করবে

**১৩৫. আমাদের নবি হলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ। কারণ–** ক

ক তার পর আর কোনো নবি রাসুল আসবে না বলে।

খ তার উপর সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব নাযিল হয়েছে বলে।

গ তিনি কুরাইশ বংশে জন্ম গ্রহণ করেছেন বলে।

ঘ তিনি আরবের সর্বশ্রেষ্ঠ রমনীকে বিবাহ করেন বলে।

**১৩৬. নবুয়ত লাভের পর মহানবি (স.) কী করতে থাকলেন?** গ

ক দলগঠন করতে লাগলেন

খ ধন–সম্পদ জমা করতে লাগলেন

গ লোকদেরকে দাওয়াত দিতে থাকলেন

ঘ নিজের সুখ শান্তির চিন্তা করতে লাগলেন

**শিখনফল: হযরত মূসা (আ.) সম্পর্কে জানতে পারব।**

**১৩৭. ফুটফুটে মায়াভরা চেহারার শিশুটিকে দেখে ফিরআউনের স্ত্রী হযরত আছিয়া কী করেছিলেন?** গ

ক ফিরআউনকে খবর দিয়েছিলেন

খ রাজদরবারে ঘোষনা দিয়েছিলেন

গ শিশুটিকে কোলে তুলে নিয়েছিলেন

ঘ ফিরআউনের ভয়ে লুকিয়ে ফেলেছিলেন

**১৩৮. হযরত মূসা (আ.) স্ত্রী সফুরা ও মেস–বকরির পাল নিয়ে মিশরে যাত্রা শুরু করলেন কেন?** ক

ক মায়ের সাথে দেখা করার জন্য

খ ফিরআউনের সাথে যুদ্ধ করার জন্য

গ আত্মীয় স্বজনদের সাথে দেখা করার জন্য

ঘ নিজের সম্পদ উদ্ধার করার জন্য

**১৩৯. হযরত মূসা (আ.) তুর পাহাড়ে গিয়েছিলেন কেন?** খ

ক আলরার নির্দেশে খ আগুনের প্রয়োজনে

গ বনিইসরাইলের নির্দেশে ঘ ফিরআউনের ভয়ে

**১৪০. হযরত মূসা (আ.)–কে কালিমুল্লাহ বলা হয় কেন?** খ

ক তাওরাত কিতাব লাভ করেছেন বলে

খ আলরাহর সাথে সরাসরি কথা বলতেন বলে

গ ফিরআউনকে দাওয়াত দিয়েছিলেন বলে

ঘ তিনি অনেক শক্তিশালী ছিলেন বলে

**১৪১. হযরত মূসা (আ.) মিশর থেকে মাদায়েন এসেছিলেন কেন?** গ

ক সফুরাকে বিয়ে করার জন্য

খ হযরত শুয়াইব (আ.)–এর বক্তৃতা শুনার জন্য

গ ফিরআউনের গ্রেফতারি পরওয়ানা থেকে বাঁচার জন্য

ঘ ধনসম্পদ কামাই করার জন্য

**শিখনফল: আদ ও সামুদ জাতির ধ্বংসের কারণ জানতে পারব।**

**১৪২. আদজাতিকে আল্লাহতায়ালা ধ্বংস করেছিলেন কেন?** খ

ক অহংকারী ও অত্যাচারীর কারণে

খ সম্পদ ও শক্তির অহংকারের কারণে

গ শিরক ও মূর্তি পুজার কারণে

ⓖ পরস্পর হিংসার কারণে

**১৪৩. সামুদ জাতি আল্লাহকে ভুলে গিয়েছিল কেন?** ঘ

ক সম্পদ বৃদ্ধির কারণে
খ শক্তি বৃদ্ধির কারণে
গ সুখ–শান্তির বৃদ্ধির কারণে
ঘ সম্পদ ও শক্তির অহংকারের কারণে

**শিখনফল: হযরত ইবরাহীম (আ.) ও লূত (আ.) এর সম্পর্কে জানতে পারব।**

**১৪৪. হযরত ইবরাহীম (আ.) হযরত লূত (আ.) কে নিজের ওয়ারিস মনে করতেন কেন?** ঘ

ক নিজের কোনো পুত্র সন্তান ছিল না বলে
খ ইবরাহীম (আ.)–এর উপর ইমান এনেছিলে বলে
গ তাঁর সাথে হিজরত করেছিলেন বলে
ঘ ছোট বেলা তার বাবা মারা গিয়েছিলেন বলে

**শিখনফল: হযরত শুআইব (আ.) সম্পর্কে জানতে পারব।**

**১৪৫. হযরত শুআইব (আ.)–কে খতিবুল আম্বিয়া বলা হয় কেন?** খ

ক তিনি সমস্ত আম্বিয়াদের খতিব ছিলেন বলে
খ তিনি চমৎকার বক্তৃতা দিতে পারতেন বলে
গ তিনি চমৎকার তিলাওয়াত করতে পারতেন বলে
ঘ তিনি বংশগতভাবে খতিব ছিলেন বলে

**শিখনফল: জুয়া খেলার কুফল সম্পর্কে জানতে পারব।**

**১৪৬. জুয়া খেলা মারাত্মক অপরাধ কেন?** ক

ক এর কারণে সুসম্পর্ক নষ্ট হয় বলে
খ এর কারণে সময়ের অপচয় হয় বলে
গ মানুষ দিন দিন দরিদ্র হয় বলে
ঘ মানুষের মেধা শক্তি নষ্ট হয় বলে

**শিখনফল : 'হিলফুল ফুজুল' গঠন সম্পর্কে জানতে পারব।**

**১৪৭. 'হিলফুল ফুজুল' গঠনের উদ্দেশ্যে কী ছিল/কেন গঠন করা হয়েছিল?** ক

ক মানুষের দুঃখ–কষ্ট দূর করার জন্য
খ অসহায় মানুষকে আর্থিক সাহায্য করার জন্য
গ সমাজের মানুষকে বিচ্ছিন্ন করার জন্য
ঘ ধনী ও গরিবের মাঝে বৈষম্য তৈরি করার জন্য

**১৪৮. মহানবি (স.) প্রথম তিন বৎসর গোপনে ইসলাম প্রচার করেছেন কেন?** খ

ক তার আত্মীয় স্বজন পছন্দ করেন না বলে
খ আলরাহপাকের নির্দেশ ছিল না বলে
গ মক্কার কাফেররা জেনে যাবে বলে
ঘ কাফেররা প্রকাশ্য বাধা দিবে বলে

**শিখনফল : লূত (আ.) এর কওম সম্পর্কে জানতে পারব।**

**১৪৯. আল্লাহতায়ালা লূত (আ.)–এর কওমের নিকট ফেরেশতা পাঠিয়েছিলেন কেন?** খ

ক কাওমকে দাওয়াত দেওয়ার জন্য
খ নাফরমান সম্প্রদায়কে ধ্বংস করার জন্য
গ সুসংবাদ দেওয়ার জন্য
ঘ লূত (আ.) কে সতর্ক করার জন্য

**শিখনফল : মহানবি (স.) এবং তাঁর ক্ষমা সম্পর্কে জানতে পারব।**

**১৫০. মহানবি (স.) নিজের কাজ নিজেই করতেন কেন?** ঘ

ক টাকা পয়সার স্বল্পতার কারণে
খ ঘরে কাজের লোক ছিল না বলে
গ কাজ করলে সকলে ভালোবাসে বলে
ঘ আলরাহ পাক তাকে ভালোবাসেন বলে

**১৫১. মহানবি (স.)–এর ক্ষমার আদর্শে মুগ্ধ হয়ে মক্কাবাসী কী করেছিল?** খ

ক শান্তি চুক্তি করেছিল
খ ইসলাম গ্রহণ করেছিল
গ সম্পদ ভাগাভাগি করেছিল
ঘ বিজয় উৎসব করেছিল

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. মহানবি হযরত মুহাম্মদ (স.) কোথায় জন্মগ্রহণ করেন?**

**উত্তর :** মহানবি হযরত মুহাম্মদ (স.) মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।

**২. মহানবি (স.)-এর নাম আহমাদ কে রাখেন?**

**উত্তর :** মহানবি (স.)-এর আম্মা মহানবির নাম রাখেন আহমাদ।

**৩. মা-বাবা হারা ইয়াতিম শিশু মুহাম্মদ (স.)-কে প্রথমে কে লালন-পালন করেন?**

**উত্তর :** মা-বাবা হারা ইয়াতিম শিশু মুহাম্মদ (স.)-কে প্রথমে তাঁর দাদা আব্দুল মুত্তালিব লালন-পালন করেন।

**৪. 'আল আমিন' অর্থ কী?**

**উত্তর :** 'আল আমিন' অর্থ বিশ্বাসী।

**৫. 'হারবুল ফিজার' অর্থ কী?**

**উত্তর :** হারবুল ফিজার অর্থ 'অন্যায় সমর'।

**৬. কত বছর বয়সে মহানবি (স.) 'হিলফুল ফুজুল' বা শান্তিসংঘ গঠন করেন।**

**উত্তর :** ১৫ বছর বয়সে মহানবি (স.) 'হিলফুল ফুজুল' বা শান্তিসংঘ গঠন করেন।

**৭. মহানবি (স.) কোথায় আল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন?**

**উত্তর :** মহানবি (স.) হেরা নামক পর্বতের গুহায় আলল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন।

**৮. মহানবি (স.) কতো বছর বয়সে নবুয়ত লাভ করেন?**

**উত্তর :** মহানবি (স.) ৪০ বছর বয়সে নবুয়ত লাভ করেন।

**৯. সর্বপ্রথম কোন সূরার আয়াত অবতীর্ণ হয়?**

**উত্তর :** সর্বপ্রথম সূরা আলাকের পাঁচটি আয়াত অবতীর্ণ হয়।

**১০. মহানবি (স.) শ্রমিকদের পাওনা সম্পর্কে কী বলেছেন?**

**উত্তর :** মহানবি (স.) শ্রমিকের পাওনা সম্পর্কে বলেছেন, "শ্রমিককে তার গায়ের ঘাম শুকানোর আগেই পারিশ্রমিক দিয়ে দাও।"

**১১. মহানবি (স.) বালকটির পাওনা কার কাছ থেকে আদায় করে দিয়েছিলেন?**

**উত্তর :** মহানবি (স.) বালকটির পাওনা আবু জেহেলের কাছ থেকে আদায় করে দিয়েছিলেন।

**১২. মক্কা বিজয়ের পর মহানবি (স.) কাদের ক্ষমা করে দিয়েছিলেন?**

**উত্তর :** মক্কা বিজয়ের পর মহানবি (স.) সকল মক্কাবাসীকে ৰমা করে দিয়েছিলেন।

**১৩. মহানবি (স.)–এর দুধ মার নাম কী?**

**উত্তর :** মহানবি (স.)–এর দুধ মার নাম হালিমা (রা)।

**১৪. মহানবি (স.) নিজের গায়ের চাদর কার জন্য বিছিয়ে দিয়েছিলেন?**

**উত্তর :** মহানবি (স.) দুধ মা হালিমার জন্য নিজের গায়ের চাদর বিছিয়ে দিয়েছিলেন।

**১৫. হযরত মূসা (আ.)–এর মাতার নাম কী?**

**উত্তর :** হযরত মূসা (আ.)–এর মাতার নাম ইউখাবেজ।

**১৬. হযরত মূসা (আ.) আনুমানিক কত খ্রিস্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?**

**উত্তর :** হযরত মূসা (আ.) আনুমানিক খ্রিস্টপূর্ব ১০৪০ অব্দে মিশরে বনি ইসরাইল বংশে জন্মগ্রহণ করেন।

**১৭. হযরত মূসা (আ.) মিশর ছেড়ে কোথায় চলে গিয়েছিলেন?**

**উত্তর :** হযরত মূসা (আ.) মিশর ছেড়ে লোহিত সাগরের পূর্ব তীরে মাদয়ান চলে গিয়েছিলেন।

**১৮. হযরত মূসা (আ.) কোথায় নবুয়ত লাভ করেন?**

**উত্তর :** হযরত মূসা (আ.) তুর পাহাড়ের পাদদেশে 'তুয়া' নামক উপত্যকায় নবুয়ত লাভ করেন।

**১৯. কে কালিমুল্লাহ উপাধিতে ভূষিত হন?**

**উত্তর :** হযরত মূসা (আ.) সরাসরি মহান আলল্লাহর সাথে কথা বলার জন্য 'কালিমুলল্লাহ' উপাধিতে ভূষিত হন।

**২০. ফিরআউন তার দলবলসহ কোথায় ডুবে মরল?**

**উত্তর :** ফিরআউন তার দলবলসহ নদীতে ডুবে মরল।

**২১. আল্লাহ তায়ালা আদ জাতির হিদায়াতের জন্য কাকে নবি হিসেবে পাঠিয়েছিলেন?**

**উত্তর :** আলৱাহ তায়ালা আদ জাতির হিদায়াতের জন্য হযরত হুদ (আ.)-কে পাঠিয়েছিলেন।

**২২. আদ জাতির উপর লাগাতার কত রাত ও কত দিন ঘূর্ণিঝড় হয়েছিল?**

**উত্তর :** আদ জাতির উপর লাগাতার সাত রাত ও আট দিন ভীষণ ঘূর্ণিঝড় হয়েছিল।

**২৩. আল্লাহ তায়ালা সামুদ জাতির হিদায়াতের জন্য কাকে নবি করে পাঠিয়েছিলেন?**

**উত্তর :** আলৱাহ তায়ালা সামুদ জাতির হিদায়াতের জন্য হযরত সালিহ (আ.)–কে পাঠিয়েছিলেন।

**২৪. আল্লাহ সামুদ জাতিকে কীভাবে ধ্বংস করেছিলেন?**

**উত্তর :** ভীষণ শব্দ ও ভূমিকম্পের দ্বারা (মহান আলৱাহ) সামুদ জাতিকে ধ্বংস করেছিলেন।

**২৫. হযরত ইসহাক (আ.) কার পুত্র ছিলেন?**

**উত্তর :** হযরত ইসহাক (আ.) প্রসিদ্ধ নবি হযরত ইবরাহীম (আ.)–এর পুত্র ছিলেন।

**২৬. হযরত ইসহাক (আ.) কত বছর বয়সে বিয়ে করেন?**

**উত্তর :** হযরত ইসহাক (আ.) ৪০ বছর বয়সে বিয়ে করেন।

**২৭. হযরত ইসহাক (আ.) কতো বছর বয়সে ইন্তিকাল করেন?**

**উত্তর :** হযরত ইসহাক (আ.) ১৮৬ বছর বয়সে ইন্তিকাল করেন।

**২৮. হযরত লূত (আ.)–কে সত্য দীন প্রচারের জন্য কোথায় পাঠানো হয়েছিল?**

**উত্তর :** হযরত লূত (আ.)–কে সত্য দীন প্রচারের জন্য পূর্ব জর্দানের 'সাদুম' ও 'আমুরায়' পাঠানো হয়েছিল।

**২৯. কাকে চমৎকার বক্তৃতার জন্য খতিবুল আম্বিয়া বলা হয়?**

**উত্তর :** হযরত শুয়াইব (আ.)–কে চমৎকার বক্তৃতার জন্য খতিবুল আম্বিয়া বলা হয়।

**৩০. হযরত শুয়াইব (আ.)–কে কোন সম্প্রদায়ের নিকট পাঠানো হয়েছিল?**

**উত্তর :** হযরত শুয়াইব (আ.)–কে আহলে মাদয়ান, আসহাবে মাদয়ান ও আসহাবে আইকা সম্প্রদায়ের নিকট পাঠানো হয়েছিল।

**৩১. কে হযরত হিযকীল (আ.)–এর স্থলাভিষিক্ত হয়েছিলেন?**

**উত্তর :** হযরত হিযকীল (আ.)-এর স্থলাভিষিক্ত হয়েছিলেন হযরত ইলিয়াস (আ.)।

**৩২. যুলকিফল অর্থ কী?**

**উত্তর :** যুলকিফল অর্থ প্রতিজ্ঞা রৰাকারী। দায়িত্ব পালনকারী।

**৩৩. হযরত যুলকিফল কার পুত্র ছিলেন?**

**উত্তর :** হযরত যুলকিফল ছিলেন হযরত আইয়ুব (আ.)–এর পুত্র।

**৩৪. হযরত যাকারিয়া (আ.) কার অভিভাবক ছিলেন?**

**উত্তর :** হযরত যাকারিয়া (আ.) ছিলেন হযরত ঈসা (আ.)-এর মাতা মরিয়মের অভিভাবক ।

**৩৫. হযরত যাকারিয়া (আ.)–কে কারা হত্যা করেছিল?**

**উত্তর :** ইহুদিরা হযরত যাকারিয়া (আ.)–কে হত্যা করেছিল।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ <u>সাধারণ</u>

**১. সর্বশেষ নবির নাম কী? তিনি কোন বংশে জন্মগ্রহণ করেন? তাঁর চরিত্র কেমন ছিল?**

**উত্তর :** সর্বশেষ নবির নাম হযরত মুহাম্মদ (স.)। মহানবি (স.) কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন। মহানবি (স.)-এর চরিত্র ছিল খুবই সুন্দর। শিশুকাল থেকেই তিনি সবসময় সত্য কথা বলতেন। মানুষের উপকার করতেন। বড়দের অত্যন্ত সম্মান করতেন। ছোটদের আদর করতেন। কখনো মিথ্যা কথা বলতেন না। কাউকে গালি দিতেন না। কারো সাথে ঝগড়া করতেন না। মারামারি করতেন না।

হিংসা করতেন না। সকলের সাথে সব সময় মিলেমিশে থাকতেন।

সবাই তাঁকে ভালোবাসত। আদর করত। সম্মান করত। বিশ্বাস করত। তাঁকে আলআমিন বলে ডাকত। আলআমিন অর্থ বিশ্বাসী।

**২. নবুয়ত লাভের পূর্বে মহানবি (স.) সব সময় কী ভাবতেন?**

**উত্তর :** নবুয়ত লাভের পূর্বে মহানবি (স.) সব সময় ভাবতেন, আমি কে? কোথা থেকে এসেছি? কেন এসেছি? আবার কোথায় যাব? এই পৃথিবী সৃষ্টির কী উদ্দেশ্য? মানুষ এত মারামারি, কাটাকাটি কেন করে ইত্যাদি। অর্থাৎ মানবসমাজের দুরবস্থা তাকে ব্যথিত করে তুলত। মারামারি, কাটাকাটি, যুদ্ধ-বিগ্রহ সব সময় মহানবিকে চিন্তিত ও অস্থির করে রাখত। তাই তিনি হেরা গুহায় বসে আলরাহর ধ্যানে মগ্ন থাকতেন আর মানবসমাজের জন্য চিন্তা ও দোয়া করতেন।

**৩. মহানবি (স.)-এর হিলফুল ফুজুল গঠনের কারণ ব্যাখ্যা কর।**

**উত্তর :** মহানবি (স.) হিলফুল ফুজুল গঠনের কারণগুলো হলো–

১) দেশের শান্তিশৃঙ্খলা রৰা করা।

২) বিভিন্ন গোত্রের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা।

৩) অসহায়দের সাহায্য করা।

এজন্য তিনি কয়েকজন উৎসাহী যুবককে সাথে নিয়ে হিলফুল ফুজুল নামক সেবাসংঘটি গঠন করেন। এ সংঘের মাধ্যমে তিনি দুঃখী ও অসহায় মানুষের দুঃখ-কষ্ট দূর করার চেষ্টা করতেন। সমাজে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনতে বিভিন্ন পদৰেপ গ্রহণ করতেন।

**৪. সূরা আলাকের প্রথম পাঁচটি আয়াতের বাংলা অর্থ লেখ।**

**উত্তর :** সূরা আলাকের প্রথম পাঁচটি আয়াতের অর্থ :

ক) হে মুহাম্মদ (স.)! পাঠ করবন, আপনার সেই প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন।

খ) যিনি সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত (আলাক) থেকে।

গ) পাঠ করবন আপনার সেই মহিমান্বিত প্রতিপালকের,

ঘ) যিনি শিৰা দিয়েছেন কলমের সাহায্যে।

ঙ) শিৰা দিয়েছেন মানুষকে যা সে জানত না।

➲ <u>**যোগ্যতাভিত্তিক**</u>

**৫. মহানবি (স.)-এর দয়া সম্বন্ধে পাঁচটি বাক্য লেখ।**

**উত্তর :** মহানবি (স.)-এর দয়া সম্বন্ধে নিচে পাঁচটি বাক্য লেখা হলো :

১) মহানবি (স.) ছিলেন দয়ার উজ্জ্বল আদর্শ।

২) তিনি মানুষ, পশুপাখি ও গাছপালা সকলের প্রতি দয়া দেখাতেন।

৩) কেউ অসুস্থ হলে তিনি তার খোঁজ খবর নিতেন, সেবাযত্ন করতেন।

৪) গরিব, ভিক্ষুক, ইয়াতীম ও অসহয়দের প্রতি তিনি দয়া দেখাতেন।

৫) কেউ ক্ষুধার্ত হলে তিনি তাকে খাদ্য দিতেন।

**৬. বাসা বাড়ির কাজের লোকের সাথে তুমি কেমন ব্যবহার করবে? পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর :** বাসাবাড়ির কাজের লোকদের সাথে আমি যেমন ব্যবহার করব তা নিচে পাঁচটি বাক্যে লেখা হলো :

১) আমি তাদের সাথে ভালো ব্যবহার করব।

২) নিজেরা যা খাব তাদেরও তাই খেতে দেব।

৩) তাদের কাজে সাহায্য করব।

৪) তাদের কোনো ধরনের দুঃখ-কষ্ট দেব না।

৫) তারা বয়সে বড় হলে সম্মান করব, আর ছোট হলে আদর-স্নেহ করব।